

WPSA-BB Newsletter



একটি ত্রৈমাসিক পোল্ট্রি নিউজলেটার ওয়ার্ল্ড'স পোল্ট্রি সায়েন্স এসোসিয়েশন-বাংলাদেশ শাখা (WPSA-BB)

WPSA-BB ত্রৈমাসিক নিউজলেটার ৪র্থ বর্ষ ৪র্থ সংখ্যা ডিসেম্বর ২০১৪ খ্রিঃ ওয়েব : www.wpsa-bb.com

এ সংখ্যায় থাকছে

- ১। সম্পাদকীয়: পৃষ্ঠা ২
- ২। প্রবন্ধ/নিবন্ধ: পৃষ্ঠা ২-৪
- ৩। WPSA-BB বার্তা: পৃষ্ঠা ৫-৬
- ৪। WPSA ওয়ার্ল্ডওয়াইড আগাম বার্তা: পৃষ্ঠা ৭-৮

সম্পাদকীয় উপদেষ্টামণ্ডলী

মসিউর রহমান, সভাপতি- WPSA-BB
মোঃ রফিকুল হক, সম্পাদক- WPSA-BB
মোঃ আব্দুর রাজ্জাক মিয়া, প্রাক্তন সভাপতি- WPSA-BB

সম্পাদক

প্রফেসর ড. এস. ডি. চৌধুরী, কার্যনির্বাহী সদস্য- WPSA-BB
ই-মেইল: drsdcchow@gmail.com

সম্পাদনা পরিষদ সদস্যবৃন্দ

ডাঃ মোঃ কামরুজ্জামান, যুগ্ম- সম্পাদক- WPSA-BB
ডাঃ এসএমএফবি আব্দুস সবুর, কার্যনির্বাহী সদস্য- WPSA-BB
ড. মোঃ ইলিয়াস হোসেন, সদস্য- WPSA-BB

সার্বিক সহযোগিতা

WPSA-BB সচিবালয়
মেগা ডমিসাইল, ফ্ল্যাট বি-৬, প্লট-৯১, রোড-৪, ব্লক-বি
নিকেতন, গুলশান-১, ঢাকা-১২১২, বাংলাদেশ।
ফোন : ৮৮৩২২৩৮, মোবাইল : ০১৭১১৩৭১০১৯
ফ্যাক্স : ৮৮৩২২৩৭
ই-মেইল : info@wpsa-bb.com
ওয়েব : www.wpsa-bb.com

Our Experience. Your Success.



Distributor
Inter Agro BD Ltd.
Road # 29, House # 396, Flat # A4
New DOHS, Mohakhali, Dhaka-1206.
Tel : + 88 02 8750747, Fax : + 88 02 8818532
Mob : + 88 01711 592002

For more product information visit : www.ctbworld.com

সভাপতির বাণী



ওয়ার্ল্ড'স পোল্ট্রি সায়েন্স এসোসিয়েশন-বাংলাদেশ শাখার ত্রৈমাসিক 'WPSA-BB নিউজলেটার' -এর ৪র্থ বর্ষের ৪র্থ সংখ্যা যথাসময়ে প্রকাশিত হলো। আমি নিউজলেটার সম্পাদনায় সম্পৃক্ত সকলকে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানাচ্ছি।

প্রিয় পাঠক, আপনারা নিশ্চয় অবগত আছেন যে, বাংলাদেশে বিশেষতঃ ডিসেম্বর, জানুয়ারি, ফেব্রুয়ারি এবং মার্চ মাসে এভিয়ান ইনফ্লুয়েঞ্জার প্রাদুর্ভাব বেড়ে যায়। তাপমাত্রা কমার সাথে এর সম্পৃক্ততা দেখা যায়। রোগ প্রতিরোধক ব্যবস্থা হিসেবে মানসম্পন্ন খাবার ও বায়োসিকিউরিটি বা জীব নিরাপত্তা ব্যবস্থাপনায় মনোযোগী হলে কিছুটা ফল পাওয়া যেতে পারে। শীত মৌসুম শুরুর পূর্বে ফার্মে বায়োসিকিউরিটি নিশ্চিত অর্থাৎ জোরদার করা অতীব জরুরী। এ ব্যাপারে যথাসময়ে বিশেষজ্ঞদের পরামর্শ ও ফলাদায়ক হয়ে থাকে। তবে এ কথা অনস্বীকার্য যে, আশু ও দ্রুত রোগ মুক্তির প্রথম ও প্রধান শর্তই হলো রোগ-বলাই চিহ্নিতকরণ। পোল্ট্রি সেক্টরের রোগ-বলাই সময়মত চিহ্নিতকরণ ও এর আশু নিরাময়ে আগাম বার্তা জানার নিশ্চিত কোন উপায় আমাদের দেশে নেই। তাই এ কাজে বিশেষজ্ঞ ও বিজ্ঞানীদের সাথে আলোচনার মাধ্যমে আগাম পরামর্শ বার্তা জেলায় জেলায় দ্রুত পৌঁছে দেয়ার পদক্ষেপ নিতে আমরা ইতোমধ্যে সদাশয় সরকারের সংশ্লিষ্ট অধিদপ্তরকে অনুরোধ জানিয়েছি।

সুপ্রিয় পাঠক, যে কোন পরিস্থিতিতে মানুষের পুষ্টির খাদ্যের প্রয়োজন। জীবনধারণ ছাড়াও সুস্থ ও সবলভাবে বেঁচে থাকার জন্য প্রোটিনসমৃদ্ধ খাদ্যের বিকল্প নেই। দুর্মূল্যের বাজারেও সাধারণ মানুষের ক্রয় ক্ষমতার মধ্যে রয়েছে ডিম ও ব্রয়লার মুরগি। তাই দ্বিগুণ হারে ডিম ও মুরগির মাংস গ্রহণে জনসচেতনতা বৃদ্ধি, নিরাপদ ডিম ও মুরগির মাংস গ্রহণে উদ্বুদ্ধকরণ এবং সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে গণমাধ্যম, সূশীল সমাজ এবং সাংবাদিকদের আরো অধিক হারে সম্পৃক্তকরণের জন্য বিভিন্ন কর্মসূচী গ্রহণের উদ্যোগ গ্রহণ করেছি। এ সমস্ত কর্মসূচীতে সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয়, অধিদপ্তর, পোল্ট্রি বিদ্যা সংশ্লিষ্ট সকল বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞানী, গবেষক, শিক্ষক এবং শিক্ষার্থীদের সম্পৃক্তকরণের পদক্ষেপ নিচ্ছি।

পরিশেষে WPSA-BB কর্তৃক আয়োজিতব্য ৯ম আন্তর্জাতিক পোল্ট্রি শো ও সেমিনার-২০১৫ এর আয়োজনে সংশ্লিষ্ট বিভিন্ন সাব-কমিটির সম্মানিত আস্থায়ক, সদস্য সচিবসহ অন্যান্য সদস্যদের আগ্রহী পদক্ষেপকে আমি সাধুবাদ জানাচ্ছি। একইসাথে শো ও সেমিনার আয়োজন সফল ও সার্থক করতে WPSA-BB এর অন্যান্য সকল সম্মানিত সদস্য, স্পন্সর প্রতিষ্ঠান, সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয়, অধিদপ্তর, গণমাধ্যম ও শুভানুধ্যায়ীদের সর্বাঙ্গিক সহযোগিতা কামনা করছি।

সবাইকে আবাবো শুভেচ্ছা।

মসিউর রহমান
সভাপতি, WPSA-BB

